

নং-৪৬.০৪৬.০২৭ ০০.০০.১৩৫.২০১৭-৪৩৫

তারিখ: ০২ এপ্রিল ২০১৭।

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব জার্জিস হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুজিবনগর, মেহেরপুর-এর বিরুদ্ধে মুজিবনগর থানার মামলা নং-০৫, তারিখ ১৯ সেপ্টেম্বর ২০১৩ হতে উদ্ধৃত জি আর নং-৬৩২/২০১৩ নং মামলার ধারা-১৪৭/১৪৮/১৪৯/১৫২/৩৩২/৩৩৩/৩৫৩/৩০৭/১১৪/১০৯/৪২৭/৩৪ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহিত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব জার্জিস হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুজিবনগর, মেহেরপুর এর বিরুদ্ধে দায়েরকৃত মামলার অভিযোগপত্র গৃহিত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩(খ)(১) অনুসারে মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব জার্জিস হোসেনকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

J.M. Min
02/08/2017
(ড. জুলিয়া মর্দীন)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭
E-mail: uz1lgd@gmail.com

নং-৪৬.০৪৬.০২৭ ০০.০০.১৩৫.২০১৭-৪৩৫

তারিখ: ০২ এপ্রিল ২০১৭।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ০৩। সচিব, মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ০৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০৫। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ০৬। জেলা প্রশাসক, মেহেরপুর।
- ০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মেহেরপুর।
- ০৮। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০(ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুজিবনগর, মেহেরপুর।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর, মেহেরপুর।
- ১২। ভাইস চেয়ারম্যান, (মহিলা) উপজেলা পরিষদ, মুজিবনগর, মেহেরপুর।
- ১৩। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মুজিবনগর, মেহেরপুর।
- ১৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। জনাব জার্জিস হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুজিবনগর, মেহেরপুর।

J.M. Min
02/08/2017
(ড. জুলিয়া মর্দীন)
উপসচিব